

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮১

আগরতলা, ২২ মে, ২০২৪

বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে রাজ্যপালের শুভেচ্ছা

বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু ত্রিপুরাবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল বলেন, ‘ভগবান বুদ্ধের জন্ম দিবস উপলক্ষে বুদ্ধ পূর্ণিমা উৎসব পালন করা হয়। ভগবান বুদ্ধ জনসাধারণকে জীবনে চলার পথ দেখিয়ে গেছেন তাঁর প্রচারিত সম্যক বাক্য, সম্যক কর্ম, সম্যক আজীব, সম্যক স্মৃতি, সম্যক দৃষ্টি, সম্যক প্রচেষ্টা, সম্যক সংকল্প ও সম্যক সমাধি নীতির মাধ্যমে। বুদ্ধের প্রচারিত শান্তি, সম্প্রীতি ও অহিংসার বার্তা আজকের পৃথিবীতে খুবই প্রাসঙ্গিক। কেননা বিশ্বের কিছু কিছু অংশ হিংসা ও রক্তক্ষয়ী সংঘর্ষের শিকার হয়ে চলেছে।’ শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল কামনা করেন এই উৎসব যেন ত্রিপুরাবাসীর জীবনে আনন্দ, খুশি, ভালবাসা ও সৌভ্রাতৃত্বের পরিবেশ বয়ে আনে।
